**মুহুর্ত বিচার**

প্রাচীন তত্ত্ব মতে এবং মুনি ঋষিদের নির্দেশ অনুযায়ী যে কোন কাজ শুরু করার পূর্বে শুভ মুহুর্তের বিচার করে তবেই সেই কাজ শুরু করা হয়ে থাকে । মুহুর্তের অর্থ হল সময়ের সেই ভাগ যা নক্ষত্র , গ্রহদের বিচ্ছুরিত রশ্মির দ্ধারা প্রভাবিত এবং স্থিত । এই প্রভাব বিশেষ বিশেষ ক্ষেত্রে কারো জন্য অনুকূল বা কারো জন্য প্রতিকূল অবস্তার সৃষ্টি করে । দ্ধিতীয়ত এই রশ্মি সারা বিশ্বে এমন একটি প্রতিক্রিয়া সৃষ্টি করে যার দ্ধারা মনুষ্য শরীর , তার চেতনা , বৈদিক ক্ষমতা ইত্যাদিকে অবশ্যই প্রভাবিত করতে সক্ষম হয় । এর বিপরীত প্রতিকূল সময়ে যে কোন কাজ করতে গেলে বাধা ও বিঘ্নের সৃষ্টি হয় এবং সে কাজ সফল হয় না । এমন কি কখনও কখনও মানুষের সুরক্ষা , জীবন এবং স্বাস্থ্যের ব্যাপারে চিন্তার কারন দেখা দেয় । অত এব সমস্ত কাজ মুহূর্তে এবং উপযুক্ত কাল বিচার করেই করা কর্তব্য ।

Published on: Dec, 08 2022 04:09